

সংবাদ বিবৃতি

ছয়দিন পরেও সন্ধান মেলেনি নিখোঁজ সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর গভীর উদ্বেগ

[১৬ মার্চ ২০২০, ঢাকা] আলোকচিত্র সাংবাদিক ও 'পক্ষকাল' ম্যাগাজিনের সম্পাদক শফিকুল ইসলাম কাজলের সন্ধান মেলেনি এখনো। পুলিশের পক্ষ থেকে সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাওয়ার দাবি জানানো হলেও এতোদিন পরও কোনো খোঁজ না পেয়ে তার পরিবার পুলিশের প্রচেষ্টা নিয়ে সন্দেহ প্রকাশ করেছে। পরিবারের দাবি, কাজলকে অপহরণ করা হয়েছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দ্রুততার সাথে তাকে খুঁজে বের করে নিরাপদে পরিবারের কাছে ফিরিয়ে দেয়ার দাবি জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমসূত্র থেকে জানা যায়, গত ১০ মার্চ ২০২০, আনুমানিক বিকাল ৩টা থেকে আলোকচিত্র সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের সন্ধান পাওয়া যাচ্ছে না। পরদিন তার পরিবার চকবাজার থানায় জিডি করে এবং ১৩ মার্চ প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করে কাজলকে সুস্থ অবস্থায় ফেরত দেওয়ার দাবি জানায়। উল্লেখ্য, ডিজিটাল নিরাপত্তা আইনে মানহানির অভিযোগে মামলা দায়ের করার ঠিক এক দিন পর নিখোঁজ হন কাজল। গত ৯ মার্চ রাতে মাগুরা-১ আসনের সরকারদলীয় সাংসদ সাইফুজ্জামান শিখর মানহানির অভিযোগ করে নিজে বাদী হয়ে শেরেবাংলা থানায় এ মামলা দায়ের করেন।

বহুল বিতর্কিত ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা হওয়ার পর নিখোঁজ হওয়ায় এ নিয়ে জনমনে নানা আশংকা বিরাজ করছে। এ ধরনের ঘটনা বাংলাদেশের সংবিধানের ৩২ নং অনুচ্ছেদ (জীবন ও ব্যক্তি স্বাধীনতার অধিকার রক্ষণ) ও ৩৯ নং অনুচ্ছেদ (চিন্তা ও বিবেকের স্বাধীনতা ও বাক-স্বাধীনতা) এ উল্লেখিত নাগরিকদের ব্যক্তিগত নিরাপত্তা, মতপ্রকাশের স্বাধীনতা, সর্বোপরি সংবাদপত্রের স্বাধীনতার অধিকার সংকুচিত করছে। ফোরাম মনে করে, এমন ঘটনা প্রতিরোধে বা জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ব্যর্থ হলে রাষ্ট্রে ভয় ও নিরাপত্তাহীনতার সংস্কৃতি প্রতিষ্ঠা পাবে। এর পূর্বে বিভিন্ন মহল থেকে এ ধরনের নিখোঁজের ঘটনায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সম্পূর্ণ থাকার অভিযোগ উঠেছে। এইচআরএফবি মনে করে, কাজলের নিখোঁজ হওয়ার বিষয়টি অত্যন্ত গুরুত্ব দিয়ে দ্রুততার সাথে তাকে খুঁজে বের করা জরুরি। এইচআরএফবি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও প্রশাসনের কাছে জরুরী ভিত্তিতে দ্রুততার সঙ্গে সাংবাদিক কাজলকে খুঁজে বের করার দাবি জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187

Email: ask@citechco.net web: www.askbd.org

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).